

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.৯৯.০১০.২০১৮/১৩৪৬/০

তারিখ : ৬/০২/১৪২৬ বঙ্গাব্দ
২০/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : পদত্যাগকারী/অবসর গ্রহণকারী/মৃত্যুবরণকারী শিক্ষক-কর্মচারীদের নাম এম.পি.ও থেকে কর্তন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় অনেক কলেজের শিক্ষক-কর্মচারী পদত্যাগ/মৃত্যুবরণ করার পর নাম কর্তনের জন্য প্রতিষ্ঠান থেকে উদ্যোগ গ্রহণ না করায় উক্ত শিক্ষক-কর্মচারীর নামে বেতন-ভাতা প্রেরণ করা হয়। এছাড়া এম.পি.ও তে জন্মতারিখ ভুল থাকায় অবসর গ্রহণের পরেও অনেক শিক্ষক-কর্মচারীর নাম এম.পি.ও তে বহাল থাকে এবং বেতন ভাতা প্রেরণ করা হয়। প্রতিষ্ঠান থেকে কোনো শিক্ষক-কর্মচারী পদত্যাগ/অবসর/মৃত্যুবরণ করলে প্রতিষ্ঠান থেকে নাম কর্তনের প্রস্তাব প্রেরণ করার নিয়ম থাকলেও অনেক প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক উদ্যোগ গ্রহণ না করায় এম.পি.ও খাতের অনেক অর্থ ব্যাংকে অব্যয়িত অবস্থায় থাকে বা জাল-জালিয়াতির মাধ্যমে অর্থ তহরুপের সুযোগ সৃষ্টি হয়।

এমতাবস্থায়, বেসরকারি কলেজের এম.পি.ও ভুক্ত কোন শিক্ষক-কর্মচারী পদত্যাগ/অবসর/মৃত্যুজনিত কারণে পদশূন্য হলে শূন্য হওয়ার ০১(এক) মাসের মধ্যে উক্ত শিক্ষক-কর্মচারীর নাম এম.পি.ও থেকে কর্তনের জন্য প্রতিষ্ঠান থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ) ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

AAcque
20-05-2019
(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ফোন নং ৯৫৫৭৬৯১

অধ্যক্ষ(সকল এম.পি.ও ভুক্ত কলেজ)

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে) :

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল, -----;
(তঁার আওতাধীন সকল অফিস কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ০২। জেলা শিক্ষা অফিসার(সকল);
(তঁার আওতাধীন সকল কলেজের অধ্যক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
(তঁার আওতাধীন সকল কলেজে পত্রের নির্দেশনা বাস্তবায়ন করে মাউশিকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো)
- ০৪। সভাপতি গভর্নিং বডি (সকল);
- ০৫। সংরক্ষণ নথি।